গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০২.২৫- ৪৮৭

তারিখ : ২৯ আষাঢ়, ১৪৩৩
১৬ জুলাই, ২০২৬

## সভার নোটিশ

নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, **আগামী ১৯ জুলাই, ২০২৬ খ্রি. রবিবার বিকেল ৩:০০ ঘটিকায় জনাব অন্নপূর্ণা দেবনাথ, জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের সভাপতিত্বে তাঁর সম্মেলনকক্ষে জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটির সভা অনুষ্ঠিত হবে।** উক্ত সভায় তার সংস্থা কর্তৃক গৃহীত কার্যক্রম ও ভবিষ্যৎ কর্মপরিকল্পনাসহ প্রতিষ্ঠান প্রধানবৃন্দকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। উল্লেখ্য যে, উক্ত সভার কার্যপত্র প্রণয়নের জন্য তার সংস্থার চলমান কার্যক্রমের তথ্যাদির হার্ডকপি ও সফটকপি আগামী ১৬ জুলাই, ২০২৬ খ্রি. তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬/০৭/২৬

সহকারী কমিশনার
সাধারণ শাখা
ফোন: ০২৫৮৯৯৫০০৪৪
ই-মেইল : acgenkurigram@mopa.gov.bd

..............................................................
..............................................., কুড়িগ্রাম।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
২। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম।
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম।
৪। নেজারত ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম (সম্মেলনকক্ষ প্রস্তুত করার অনুরোধসহ)।
৫। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (ওয়েব পোর্টালে আপলোড করার অনুরোধসহ)।
৬। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। সহকারী প্রোগ্রামার , জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম (তাঁকে সভায় উপস্থিত থেকে কারিগরি সহায়তা প্রদান করার জন্য অনুরোধ করা হলো)
৮। নাজির, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
৯। অফিস কপি।

## জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি'র জুন-২০২৬ খ্রি. মাসের সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | অন্নপূর্ণা দেবনাথ<br>জেলা প্রশাসক, কুড়িগ্রাম |
| সভার তারিখ | : | ২১ জুন, ২০২৬ খ্রি. |
| সভার সময় | : | বিকাল ৩:০০ ঘটিকা |
| সভার স্থান | : | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কুড়িগ্রাম |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল ফেডারেশন-হিউম্যানিটি এন্ড ইনক্লুশন (এইচ.আই), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, এ জেলায় বর্তমানে ১) দারিদ্র্য বিমোচন এং মূলধারায় যোগদানের মাধ্যমে বাংলাদেশের কুড়িগ্রাম জেলার নারী/মেয়ে এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনযাত্রার মান উন্নতকরণ প্রকল্প এবং ২) Reducing Vulnerability, Improveing Livelihood and Disaster Preparedness of the Most at Risk Community in Flood-Prone Bangladesh Project নামে ২ টি প্রকল্প কুড়িগ্রাম সদর এবং উলিপুর উপজেলায় চলমান। ৩২ জন প্রতিবন্ধী ব্যক্তিকে রেফারেল চিকিৎসা (কান) সেবা প্রদান, ২০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে সহায়ক উপকরণ (২টি হুইল চেয়ারসহ) প্রদান ২৪০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে গ্রুপ সেশনের মাধ্যমে মানসিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। এছাড়াও সচেতনতামূলক বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়েছে। | সকল কার্যক্রম বাস্তবায়নে ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | সংশ্লিষ্ট এনজিও |
| ০২ | সভাপতি উপজেলা পর্যায়ে এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভা ফলপ্রসূ করার উপর গুরুত্বারোপ করেন। উপজেলা নির্বাহী অফিসারগণ তাদের এলাকায় কার্যক্রম পরিচালনাকারী এনজিওসমূহের তালিকা সংরক্ষণ করবেন এবং এনজিওসমূহের মাসিক সমন্বয় সভায় তাদের কার্যক্রমের বিবরণসহ প্রত্যেক এনজিও কর্তৃক এফডি-৬ দাখিল করার বিষয়ে গুরুত্বারোপ করেন। এছাড়াও উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। বিশেষত কোনও প্রকল্প আরম্ভ করার সময় স্থানীয় প্রশাসনকে অবহিতকরণ/কর্মশালা আয়োজন করা হলে অংশীজন প্রকল্পটি সম্পর্কে স্পষ্ট ধারণা লাভ করতে সক্ষম হবেন। এনজিওসমূহের প্রকল্প সমাপনী প্রত্যয়ন প্রাপ্তির ক্ষেত্রে প্রকল্পের ব্যয় বিবরণী প্রত্যয়ন প্রাপ্তির আবেদনের সাথে আবশ্যিকভাবে সংযুক্ত করার বিষয়ে সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন। | ১। সকল উপজেলায় প্রতি মাসে উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় সভা আয়োজন করতে হবে।<br>২। উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে প্রত্যক্ষভাবে সম্পৃক্ত করতে হবে।<br>৩। নতুন প্রকল্প শুরু করার ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে অবহিত করতে হবে।<br>৪। প্রকল্প সমাপনান্তে প্রত্যয়নের জন্য আবেদনের সাথে সমাপ্ত প্রকল্পের ব্যয় বিবরণী আবশ্যিকভাবে সংযুক্ত করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম<br>২। এনজিও (সকল), কুড়িগ্রাম |
| ০৩ | সভাপতি এনজিওসমূহকে সংশ্লিষ্ট বিভাগের সঙ্গে সমন্বয় করে কাজ করার নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন প্রতিবন্ধীদের ডিভাইস দেয়ার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারকে অবহিত করতে হবে। | ১। এনজিওসমূহকে সংশ্লিষ্ট বিভাগের সঙ্গে সমন্বয় করে কাজ করতে হবে।<br>২। প্রতিবন্ধীদের মাঝে ডিভাইস বিতরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা অফিসারকে অবহিত করতে হবে। | এনজিও (সকল), কুড়িগ্রাম |
| ০৪ | কোন কৃষি জমি অনাবাদি না রেখে শাক-সবজিসহ বিভিন্ন ফসল উৎপাদনে জনসাধারণকে উদ্বুদ্ধ করতে সচেতনতামূলক প্রচারণা জোরদারের বিষয়ে সভায় আলোচনা হয়। | কোন কৃষি জমি যাতে অনাবাদি না থাকে এ বিষয়ে সকল এনজিওকে সমন্বিত পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এনজিও (সকল), কুড়িগ্রাম |

চলমান পাতা-০২

| ক্রম | আলোচনা | **সিদ্ধান্ত** | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৫ | কুড়িগ্রাম এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত সকল সংস্থাকে নির্ধারিত বার্ষিক ফি আগামী ১০ কার্যদিবসের মধ্যে সোনালী ব্যাংক পিএলসি, কুড়িগ্রাম শাখার চলতি হিসাব নং-৫২০৮৪৩৩০১৪০২৪ এ জমা প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়। | এনজিও পোর্টালের ব্যয় নির্বাহের নিমিত্ত বার্ষিক ফি নির্ধারিত সময় সীমার মধ্যে জমা প্রদান করতে হবে । | এনজিও কর্তৃপক্ষ (সকল), কুড়িগ্রাম |
| ০৬ | প্রাকৃতিক দুর্যোগকালীন সরকারি বিভিন্ন বিভাগের পাশাপাশি বেসরকারি সংস্থাসমূহ কর্তৃক উপকারভোগীদের মাঝে বিভিন্ন ধরণের ত্রাণ ও সাহায্য সহযোগিতা প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়। | সকল বেসরকারি সংস্থাসমূহ কর্তৃক প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় উপকারভোগীদের মাঝে ত্রাণ ও সাহায্য সহযোগিতা প্রদান করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ (সকল), কুড়িগ্রাম |
| ০৭ | সকল সংস্থাকে ওয়েব পোর্টাল থেকে জেলা এনজিও বিষয়ক সমন্বয় সভার নোটিশ ও কার্যবিবরণী ডাউনলোডসহ নিজ সংস্থার কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন নির্ধারিত এড্রেসে (ই-মেইল : acgenkurigram@mopa.gov.bd) নিয়মিত প্রেরণ করার জন্য সভায় আলোচনা করা হয়। | সকল এনজিও কার্যক্রমের মাসিক প্রতিবেদন ও ত্রৈমাসিক প্রতিবেদন (ই-মেইল: acgenkurigram @mopa.gov.bd) নিয়মিত প্রেরণ করতে হবে। | এনজিও (সকল), কুড়িগ্রাম |
| ০৮ | কুড়িগ্রাম জেলায় শতভাগ স্যানিটেশন বাস্তবায়ন/অর্জনের জন্য সকল এনজিওকে অগ্রণী ভূমিকা পালনসহ **বন্যার সময়** সুপেয় পানির অভাব পূরণের বিষয়ে কার্যক্রম বেগবান করার বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। | শতভাগ স্যানিটেশন বাস্তবায়ন এবং বন্যার সময় সুপেয় পানির অভাব পূরণের লক্ষ্যে সকল এনজিওকে পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এনজিও (সকল), কুড়িগ্রাম |
| ০৯ | বিভিন্ন এনজিওর উপকারভোগীদের ছেলে/মেয়েরা যাতে নিয়মিতভাবে স্কুলে যায় সে জন্য তাদেরকে সচেতন করার অনুরোধ জানানো হয়। বিষয়টিকে সর্বোচ্চ প্রাধান্য দেয়ার জন্য সকল এনজিও/সংস্থাকে কার্যকর পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | এনজিও'র উপকারভোগীদের ছেলে/মেয়েরা যেন নিয়মিতভাবে স্কুলে যায় সে বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এনজিও কর্তৃপক্ষ (সকল), কুড়িগ্রাম |
| ১০ | এ জেলায় সকল শিশুর জন্ম নিবন্ধন এবং মৃত ব্যক্তিদের মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে ডিজিটাল সনদ তৈরির জন্য জনসাধারণের মাঝে সচেতনতামূলক প্রচার-প্রচারণা চালানোর দৃশ্যমান ও কার্যকর পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জন্ম এবং মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে ডিজিটাল সনদ তৈরির বিষয়ে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম গতিশীল করতে হবে। | এনজিও (সকল), কুড়িগ্রাম |
| ১১ | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রাম আগামী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তাদের কার্যক্রম উপস্থাপন করবেন মর্মে আলোচনা হয়। সংস্থা কর্তৃক সম্পাদিত বিভিন্ন প্রকল্পের সুবিধাভোগী, প্রকল্পসমূহ বাস্তবায়নে প্রতিবন্ধকতাসমূহ ও লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করার বিষয়ে সভায় পরামর্শ প্রদান করা হয়। | পরবর্তী সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপনের সার্বিক প্রস্তুতি গ্রহণ করতে হবে। | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রাম |
| ১২ | জেলা ও উপজেলার এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় সংশ্লিষ্ট সকল এনজিও নিয়মিত অংশগ্রহণ করবেন মর্মে আলোচনা হয়। জেলা ও উপজেলা থেকে এনজিও'র সার্বিক কার্যক্রম আরো ফলপ্রসূ করার জন্য জেলা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সরকারি দপ্তরের কর্মকর্তাগণকে অবহিতকরণ ও নিয়মিত তদারকির জন্য সভাপতি গুরুত্বারোপ করেন। | জেলা ও উপজেলায় এনজিও বিষয়ক সভায় সকল এনজিও'র নিয়মিত অংশগ্রহণ এবং এনজিও'র সার্বিক কার্যক্রম ফলপ্রসূ করার জন্য সরকারি দপ্তরের কর্মকর্তাগণকে অবহিতকরণ ও নিয়মিত তদারকির ব্যবস্থা করতে হবে। | এনজিও (সকল), কুড়িগ্রাম |
| ১৩ | সকল এনজিও তাদের প্রকল্পগুলো নিয়মানুযায়ী নির্দেশনা অনুযায়ী/ বাস্তবায়ন করবেন এবং প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিতকরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | এনজিও'র প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | এনজিও (সকল), কুড়িগ্রাম |

চলমান পাতা-০৩

| | | | |
|---|---|---|---|
| ১৪ | সভাপতি চরাঞ্চলে শিক্ষার মানোন্নয়ন, মানুষের চিকিৎসাসেবা নিশ্চিতকরণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করতে সংশ্লিষ্ট এনজিও প্রধানগণকে অনুরোধ করেন। তিনি আরও জানান স্থানীয় জনগণের কর্মসংস্থান সৃষ্টি করাসহ চরবাসীর জীবনমান উন্নয়নের মাধ্যমে সামাজিক উন্নয়ন নিশ্চিত করতে হবে। তাছাড়া, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ঘটলে মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন ঘটবে ফলে, অবহেলিত, পিছিয়ে পড়া জনপদ SDG goal-9 এ উল্লিখিত অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের মূলধারায় যুক্ত হবে এবং পিছিয়ে পড়া অবহেলিত জনপদের উন্নয়ন নিশ্চিতকল্পে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বিভিন্ন চরের কার্যক্রম সম্প্রসারণ করার বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। চরের বিভিন্ন উন্নয়নে গৃহীত কার্যক্রম সংশ্লিষ্ট চরে গিয়েই সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট এনজিওদের নির্দেশনা প্রদান করা হয়। পিছিয়ে পড়া চরাঞ্চলের মানুষের কর্মসংস্থান সৃষ্টি ও আর্থ-সামাজিক উন্নয়নে ক্ষুদ্র ও কুটির শিল্প/শিল্পকারখানা স্থাপন করার বিষয়ে সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়াও মাদক নির্মূলে সকলকে একসাথে কাজ করার বিষয়ে সভাপতি গুরুত্বারোপ করেন। | ১। চরাঞ্চলে শিক্ষার উন্নয়ন, মানুষের চিকিৎসাসেবা নিশ্চিতকরণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করতে হবে।<br>২। স্থানীয় জনগণের কর্মসংস্থান সৃষ্টি করাসহ চরের উন্নয়নের মাধ্যমে সামাজিক উন্নয়ন ত্বরান্বিত করতে হবে।<br>৩। চরের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম সংশ্লিষ্ট চরে গিয়েই সম্পন্ন করতে হবে।<br>৪। চরাঞ্চলের মানুষের কর্মসংস্থান সৃষ্টি ও আর্থ-সামাজিক উন্নয়নে ক্ষুদ্র ও কুটির শিল্প/শিল্পকারখানা স্থাপন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৫। মাদক নির্মূলে একসাথে কাজ করতে হবে। | সংশ্লিষ্ট এনজিও প্রধানগণ, কুড়িগ্রাম |
| ১৫ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম সভায় বলেন যে, এ জেলায় স্থানীয়ভাবে ক্ষুদ্র ও কুটির শিল্পের বিভিন্ন পণ্য উৎপাদিত হলেও মার্কেটিং চ্যানেল না থাকায় স্থানীয় ক্ষুদ্র ও কুটির শিল্প বিলুপ্তির পথে। তিনি মার্কেটিং চ্যানেল নিয়ে সকলকে কাজ করার আহ্বান জানান। এছাড়াও তিনি ড্রিম ফেয়ার (Dream Fair) আয়োজন করার উপর গুরুত্বারোপ করেন। তিনি আরও বলেন, ড্রিম ফেয়ার আয়োজন করার মাধ্যমে বেকারদের কর্মসংস্থানের সুযোগ করে দেয়া সম্ভব। তিনি বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তিদের নিয়ে কাজ করার পাশাপাশি সংশ্লিষ্ট এনজিওসমূহকে মানসিক স্বাস্থ্য নিয়ে কাজ করার আহ্বান জানান। | ১। ড্রিম ফেয়ার আয়োজনের মাধ্যমে মার্কেটিং চ্যানেল তৈরি করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২। এনজিওসমূহকে মানসিক স্বাস্থ্য নিয়ে কাজ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট এনজিও প্রধানগণ, কুড়িগ্রাম |

০২। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি গৃহীত সিদ্ধান্তগুলো বাস্তবায়ন এবং এনজিওসমূহ কর্তৃক প্রদত্ত সেবা দৃশ্যমান ও জনবান্ধব করাসহ কুড়িগ্রাম জেলাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সকলকে একযোগে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংযুক্তি : এনজিও প্রতিষ্ঠানসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন-০৪ (চার) পাতা।

২৩.০৬.২৬

(অন্নপূর্ণা দেবনাথ)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি, কুড়িগ্রাম

নম্বর : ০৫.৪৭.৪৯০০.০০৩.০৮.০০১.২৬- ৩৫৮

তারিখ : ০৭ আষাঢ়, ১৪৩৩ / ২১ জুন, ২০২৬

বিতরণ : সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, প্লট-ই-১৩/বি, আগারগাঁও, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৩. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম
৫. .................................., কুড়িগ্রাম।

২১.০৬.২৬

সহকারী কমিশনার
সাধারণ শাখা
ও
সদস্য-সচিব
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি, কুড়িগ্রাম

এনজিও প্রতিষ্ঠানসমূহের মাসিক অগ্রগতি প্রতিবেদন :

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ১ | টেরেডেস্ হোমস্ ফাউন্ডেশন, ইটালী, কুড়িগ্রাম | টেরেডেস্ হোমস্ ফাউন্ডেশন, ইটালী, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, Somotar Alo-Light of Equality through Sponsorship –Education, protection and Empowerment for Marginalized Children and Adolescents এর আওতায় স্পন্সরশীপ সহায়তা প্রকল্পে মোট ১০১ জন শিক্ষার্থী (প্রাথমিক বিদ্যালয়) এবং স্পন্সরশীপ সহায়তা প্রকল্পে মোট ২০৪ জন শিক্ষার্থী (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান)-২০২৬ মাসে স্পনসরশীপ কর্মসূচির অধীন শিক্ষার্থী ও অভিভাবকগনকে নিয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। সেখানে শিক্ষার গুরুত্ব ও মান সম্মত শিক্ষায় অভিভাবকগনের করনীয় এবং ভূমিকার উপর গুরুত্ব দিয়ে আলোচনা হয়েছে, বাল্যবিবাহের কুফল ও বাল্যবিবাহ প্রতিরোধের উপর গুরুত্ব দিয়ে আলোচনা হয়েছে। কুড়িগ্রাম জেলার অন্তর্গত চিলমারী উপজেলাতে একটি এবং কুড়িগ্রাম সদর উপজেলার পৌরসভাতে একটি মোট ২টি কিশোর-কিশোরী ক্লাবের নিয়মিত (প্রতি বৃহস্পতিবার) কার্যক্রম অব্যাহত রয়েছে। উক্ত কার্যক্রমের মধ্যে রয়েছে জীবন দক্ষতা মুলক প্রশিক্ষন, বই পড়া, দৈনিক পত্রিকা পড়া, খেলাধুলা ও আলোচনা। এছাড়াও উভয় ক্লাবে কম্পিউটার ব্যবহারের সুযোগ যুক্ত করা হয়েছে। শিশু শ্রেণি ২য় শ্রেণির শিশুদের শৈশব বিকাশ (ECD) ক্লাশ পরিচালনা অব্যাহত রয়েছে। |
| ২ | ইএসডিও, কুড়িগ্রাম | ইএসডিও, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সংস্থার তত্বাবধানে ০৬টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। তিনি জানান যে, জুন-২০২৬ মাসে ২৬টি ইউনিয়নে ৩টি উপজেলায় বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ (৩য় পর্যায়) প্রকল্প বিভিন্ন কাজ চলমান রয়েছে। ২. SEEDS (Socio Economic Empowerment with Dignity and Sustainability প্রকল্পের ৩টি উপজেলায় ০৯টি ইউনিয়নে উপকারভোগী পরিবার ৩,০০০ জন ৩. Community Support Inclusive Equitable Education Across School in Kurigram Districtপ্রকল্পের কুড়িগ্রাম সদরের ৫টি ইউনিয়নে উপকারভোগী সংখ্যা ১৫,০০০ জন ৪. Empowering Children throw Education (FCE) Project প্রকল্পে রাজারহাট উপজেলায় ০৭টি ইউনিয়নে শিক্ষার্থীর সংখ্যা ৮,৬২১ জন ৫. (Pathways to Prosperity for Extremely Poor People (PPEPP ২টি উপজেলার ০৪টি ইউনিয়নে উপকারভোগী পরিবার ২৩,৪৭৭ জন। ৫. Action to Climate Change Ensuring Sustainable Solution (ACCESS) ৩টি উপজেলার ০৩টি ইউনিয়নে ১৫,০০০ জন সদস্য ও অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ৩ | ফ্রেন্ডশিপ , কুড়িগ্রাম | ফ্রেন্ডশিপ ,কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, এ জেলায় মোট ১৯ প্রকল্পের কাজ চলমান। Integrated Community Based Primary Health Care Model Preject এর আওতায় ৯৭ টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে বিভিন্ন চরের ১৪,৭০২ জনকে প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। Friend EPI Support Program এর মাধ্যমে ১২০ টি ইপিআই সেশনে ৪,৩৮৫ জন শিশু ও ৪৯৬ জন নারীকে সেবা দেয়া হয়েছে। এছাড়াও বিভিন্ন প্রকল্পের আওতায় ২৩৮ জনকে ভায়া চেকআপ করা হয়েছে, ৪০ টি লিগ্যাল বুথের মাধ্যমে শিশু ও নারী অধিকার, মানবাধিকার, যৌতুক, বাল্যবিবাহসহ বিভিন্ন বিষয়ে সামাজিক সচেতনতা কার্যক্রম চলমান রয়েছে। সদর উপজেলার ১৪টি চরে দক্ষ ফিজিওথেরাপিস্টের মাধ্যমে ৫৯ জন কমিউনিটি লেভেল সেবা প্রদান করা হয়েছে। প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা নিয়ে কাজ করার পাশাপাশি গরীব ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা বৃত্তি প্রদান করা হচ্ছে। এর আওতায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মাহবুবুর রহমানকে উচ্চ শিক্ষা চালিয়ে যেতে মাসিক ৪০০০/- টাকা উপবৃত্তি প্রদান করা হয়। তিনি বিভিন্ন প্রকল্পের আওতায় সচেতনতামূলক মাসিক সভা আয়োজন করা হয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ৪ | গুড নেইবারস বাংলাদেশ কুড়িগ্রাম সিডিপি | গুড নেইবারস বাংলাদেশ, কুড়িগ্রাম এর প্রতিনিধি জানান দীর্ঘদিন যাবৎ বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন কার্যক্রম যেমন: শিশু উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য ও শিশু অধিকার, সংক্রান্ত কর্মকান্ড, নারী উন্নয়ন সমবায়ভিত্তিক আয়বৃদ্ধি এবং প্রজনন স্বাস্থ্য ও স্বাস্থ্য ও নারী উন্নয়ন, যুব উন্নয়ন, স্থানীয় যুবকদের কর্মমুখী শিক্ষা ও স্থানীয় স্বেচ্ছা সেবা কার্যক্রম এবং দুর্যোগ সক্ষমতা বৃদ্ধি কার্যক্রম পরিচালনা করে আসছে। তিনি জানান এ জেলায় মোট ৯ টি প্রকল্প চলমান। স্পন্সরশিপ সার্ভিস প্রকল্পের আওতায় ১০ জন শিশুকে ২০,০০০ টাকা দিয়ে জরুরি সহায়তা হিসেবে ১০ কেজি চাল, ২ কেজি মুসুরের ডাল, ৪ কেজি আটা, ২ টি সাবান, ২ লিটার সয়াবিন তেল, ১ কেজি চিনি এবং ১ লিটার সরিষার তেল প্রদান করা হয়েছে। এছাড়াও ১,৪৬২ জন শিশুকে শিক্ষা উপকরণ হিসেবে ৬ টি করে খাতা ও ৬ টি করে কলম বিতরণ করা হয়েছে। তিনি আরও জানান যে, স্বাস্থ্য কার্যক্রমের আওতায় ১০৯ জন শিশুকে হেলথ চেক আপ , ৬৫৮ জন অপুষ্টি শিশুর পুষ্টিকর খাবার বিতরণ করা হয়েছে। স্পেশাল হেলথ্ ক্যাম্পেইন এ ৩ জন স্পেশাল ডাক্তারের মাধ্যমে ২০১ জন রোগীকে সেবা দেওয়া হয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |

চলমান পাতা-০২

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ৫ | সেন্টার ফর ডিজএবিলিট ইন ডেভলপম্যান্ট- (সিডিডি) | সিডিডি, কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম সদর উপজেলার যাত্রাপুর ইউনিয়নে ১. প্রতিবন্ধী ব্যক্তিদের স্ব-সহায়ক দলের ০৭টি টি সভা করা হয় ২. বন্যা আশ্রয়কেন্দ্রগুলি ভিত্তি উচু করার বিষয়ে কেন্দ্রীয় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সঙ্গে পরামর্শ সভা করা হয়। ৩. প্রতিবন্ধী অন্তর্ভূক্তিমূলক সম্প্রদায়ের ঝুকি মূল্যায়ন এবং ঝুকি হ্রাস কর্ম পরিকল্পনা বিষয়ক ভ্যালিডেশন কর্মশালা করা হয়। ৪. এছাড়াও ত্রৈমাসিক টাস্কফোর্স সদস্যদের মিটিং ০১টি করা হয় । এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম পরিকল্পনা অনুযায়ী চলমান রয়েছে। |
| ৬ | ওয়ার্ল্ড ভিশন, কুড়িগ্রাম | ওয়ার্ল্ড ভিশন, কুড়িগ্রাম এর প্রতিনিধি সভায় জানান, কুড়িগ্রাম সদর উপজেলায় নর্দান বাংলাদেশ রিজিওনাল ইনটিগ্রিটি কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট, ফেইজ-২ প্রকল্প চলমান। এ প্রকল্পের আওতায় হতদরিদ্র ও দরিদ্র পরিবার, দুর্দশাগ্রস্থ শিশু, প্রতিবন্ধী শিশু, অপুষ্ট শিশু গর্ভবতী ও দুগ্ধদানদকারী মা উপকারভোগী হবেন। তিনি জানান কর্ম এলাকার ১৪ টি গ্রামের ৩০ টি সেন্টারে প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন চলমান, যেখানে উপকারভোগী ৬০০ জন। এছাড়াও কর্ম এলাকার ১৪ টি গ্রামের ১৫ টি সেন্টারে ৬-৯ বছর বয়সী শিশুদের নিয়ে পঠন ক্যাম্প কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়াও কর্ম এলাকায় বিভিন্ন বিষয়ে সচেতনতামূলক সেশন, কর্মশালা পরিচালনা করা হয়। |
| ৭ | আরডি আরএস বাংলাদেশ, কুড়িগ্রাম | আরডিআরএস বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান এ জেলায় মোট ০৭ টি প্রকল্পের কাজ চলমান। কুড়িগ্রাম জেলার ০৬টি উপজেলায় (কুড়িগ্রাম সদর, রাজারহাট, উলিপুর, চিলমারী, রৌমারী ও চর রাজিবপুর) চাইল্ড, নট ব্রাইড (সিএনবি) প্রকল্পটি চলমান রয়েছে। প্রকল্পের অন্যতম উদ্দেশ্য হলো কুড়িগ্রাম জেলায় বাল্য বিবাহ কমিয়ে আনা। নিয়মিতভাবে যুব ফোরামের সাথে বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ক সংলাপ অনুষ্ঠিত হচ্ছে মর্মে সভায় জানান। বিভিন্ন প্রকল্পের আওতায় সভা ও প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম পরিকল্পনা অনুযায়ী চলমান রয়েছে। |
| ৮ | কেডিএবি, কুড়িগ্রাম | কেডিএবি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান বর্তমানে কেডিএবি-কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট কার্যক্রম চিলমারী ও উলিপুর উপজেলায় চলমান রয়েছে। চিলমারী উপজেলায় একটি প্রাথমিক বিদ্যালয়ে ২৫০ জন ও একটি মাধ্যমিক বিদ্যালয়ে ৩২৫ জন শিক্ষার্থীদের অধ্যয়ন কার্যক্রম দেশী/বিদেশী শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। অপরদিকে উলিপুর উপজেলায় একটি প্রাথমিক বিদ্যালয়ে ২১০ জন ও একটি মাধ্যমিক বিদ্যালয়ে ২৫০ জন শিক্ষার্থীদের অধ্যয়ন কার্যক্রম দেশী/বিদেশী শিক্ষক দ্বারা পরিচালিত হচ্ছে। উভয় উপজেলায় ২০টি কম্পিউটারবিশিষ্ট ল্যাবে মাল্টিমিডিয়া সিস্টেমে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। কুষ্ঠরোগী পুনর্বাসনের ব্যবস্থা করা হচ্ছে। দুঃস্থ ও গরীব পরিবারের সন্তানদের জন্য মানসম্মত প্রাথমিক ও নিম্নমাধ্যমিক শিক্ষা ব্যবস্থা চালু রয়েছে। সাধারণ চিকিৎসা সেবার মাধ্যমে চিলমারী উপজেলায় ৫০ জন এবং উলিপুর উপজেলায় ৬০ জনকে চিকিৎসা সেবা দেওয়া হয়েছে। এছাড়াও সংস্থার অন্যান্য কার্যক্রম পরিকল্পনা অনুযায়ী চলমান রয়েছে। |
| ৯ | ইসলামিক রিলিফ বাংলাদেশ | ইসলামিক রিলিফ বাংলাদেশ এর প্রজেক্ট ম্যানেজার সভায় জানান, মোট ৮২৭ জন সদস্যকে আয়বৃদ্ধিমূলক দক্ষতা উন্নয়নে (গাভী পালন-৩০০, ছাগল-১৭৭, ক্ষুদ্র ব্যবসা-১৭৭ কৃষি-১৭৭) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়াও ২৪০ টি স্ব-নির্ভর দলের মাধ্যমে ৬০০০ জন উপকারভোগীদের উঠান বৈঠকের মাধ্যমে নারী অধিকার, শিশু অধিকার,শিশু নির্যাতন বন্ধ, বাল্যবিবাহ নিয়ে সচেতনতামূলক আলোচনা চলমানসহ অন্যান্য সংস্থার কার্যক্রম চলমান রয়েছে। |
| ১০ | উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস), কুড়িগ্রাম | উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান উদয়াঙ্কুর সেবা সংস্থা (ইউএসএস), কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলায় একশনএইড বাংলাদেশ এর সহযোগিতায় ওমেন ইনিশিয়াটিভস ফর কমিউনিটি ডেভেলপমেন্ট প্রজেক্ট বাস্তবায়ন করছে। তিনি আরও জানান সবুজ উদ্যোক্তা তৈরিতে ৫ জন যুবক-যুবতীকে ১০,০০০ (দশ হাজার) টাকা করে সীড ফান্ড বিতরণ করা হয়েছে। ক্লাইমেট রেসিলিয়েন্স সাসটেইনেবল এগ্রিকালচার সম্প্রসারণে ৫০ জন নারী কৃষককে ভার্মি কম্পোষ্ট উৎপাদনে উৎসাহিত করতে প্রয়োজনীয় সকল উপকরণ সরবরাহ করা হয়েছে। ৩টি ইউনিয়নে ফলজ, বনজ ও ঔষধি গাছের মোট ৭,৮৯০টি গাছের চারা বিতরণ করা হয়েছে। ১৭০০ শিশুকে শিক্ষা উপকরণ হিসেবে খাতা বিতরণ করা হয়েছে। এছাড়াও উপজেলায় বিভিন্ন গ্রামে অবকাঠামোগুলোর ভঙাকুর অবস্থা দূরীকরণে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কুড়িগ্রামের সাতে অ্যাডভোকেসী সভা অনুষ্ঠিত হয়েছে। নবায়নযোগ্য বৈশ্বিক জ্বালানি বিষয়ে মিয়াপাড়া নাজিমুদ্দিন উচ্চ বিদ্যালয়ে একটি বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। |
| ১১ | সেন্টার ফর সোস্যাল ডেভেলপম্যান্ট- (সিএসডিকে) | সিএসডিকে, কুড়িগ্রাম প্রতিনিধি সভায় জানান যে, কুড়িগ্রাম জেলায় মোট ৫ টি প্রকল্প চলমান। (১) ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি), (২) প্রাথমিক চিকিৎসা ও বিনামূল্যে ঔষধ বিতরণ প্রোগ্রাম, (৩) চর উদ্যোগ প্রকল্প, (৪) বিনামূল্যে অপারেশন প্রকল্প, (৫) গ্রামীণ অর্থনীতিতে চাগল পালন ও বিতরণ কর্মসূচি। চর উদ্যোগ প্রকল্পের আওতায় চর রাজিবপুর উপজেলায় কোদালকাটি ইউনিয়নে ১৭টি পরিবারের মাঝে চাগল বিতরণ এবং রৌমার উপজেলার চর ফুলুয়ার গ্রামে ১০টি পরিবারের মাঝে ছাগল বিতরণ করাসহ চিকিৎসা ও বিনামূল্যে ঔষধ বিতরণ প্রোগ্রামে প্রত্যক্ষ উপকারভোগীর সংখ্যা ২৮,০০০ জন। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কাযক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। |

চলমান পাতা-০৩

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ১২ | ব্র্যাক, কুড়িগ্রাম | ব্র্যাক, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে কুড়িগ্রাম জেলায় ব্র্যাকের ১০ (দশ) টি কর্মসূচি চলমান রয়েছে। ১. মাইক্রোফিন্যান্স কর্মসূচি, ২. ব্র্যাক শিক্ষা কর্মসূচি, ৩. ব্র্যাক স্বাস্থ্য কর্মসূচি, ৪. সামাজিক ক্ষমতায়ন ও আইনি সুরক্ষা কর্মসূচি, ৫. অতিদরিদ্র কর্মসূচি, ৬. জেন্ডার জাস্টিস ও ডাইভারসিটি, ৭. এসডিপি, ৮. জাতীয় যক্ষা নিয়ন্ত্রণ কর্মসূচি এবং ৯. সমন্বিত উন্নয়ন কর্মসূচি, ১০. দূর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা কর্মসূচি। তিনি আরো জানান যে, ২৪০ টি স্কুলের মাধ্যমে ৬,০০০ জন শিক্ষার্থী নিয়ে সমগ্র জেলাজুড়ে ব্র্যাক শিক্ষা কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে। এছাড়াও ব্র্যাক স্বাস্থ্য কর্মসূচির আওতায় সমগ্র জেলাজুড়ে দরিদ্র নবজাতক, মা ও শিশুর স্বাস্থ্য উন্নয়ন ও শিশু মৃত্যুহার কমানোর লক্ষ্যে ২৯,৩০০ টি খানা পরিদর্শনসহ বিভিন্ন কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। তিনি আরো যোগ করেন, সামাজিক ক্ষমতায়ন ও আইনি সুরক্ষা কর্মসূচির আওতায় ২০ টি অভিযোগ গ্রহণ করা হয়েছে। জেন্ডার জাস্টিস ও ডাইভারসিটি কর্মসূচির আওতায় ৩০ জন অংশগ্রহণকারীকে নিয়ে ৩ টি ব্যাচে জেন্ডার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এসডিপি কর্মসূচির আওতায় কুড়িগ্রাম সদর এবং ভূরুঙ্গামারী উপজেলায় FGD এর মাধ্যমে ৬০ জন প্রশিক্ষণার্থীদের নিয়ে ৫টি ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান। |
| ১৩ | বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রাম | বাংলাদেশ মহিলা পরিষদ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, তৃণমূলে সংগঠন সংহত করি, সুশাসন ও সমতাভিত্তিক সমাজ প্রতিষ্ঠার সংগ্রাম শক্তিশালী করি এই শ্লোগানকে সামনে রেখে বাংলাদেশ মহিলা পরিষদ কুড়িগ্রাম জেলা শাখা বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। সাংগঠনিক মাসের উদ্বোধন, সদস্য সংগ্রহ,নবায়ন ও আলোচনা সভা, তৃণমূলে ও পাড়া শাখায় কর্মী সভা, নারী আন্দোলন ও বাংলাদেশ মহিলা পরিষদ বিষয়ে তরুণীদের সাথে মত বিনিময় সভা, বিভিন্ন পেশাজীবীদের সাথে মতবিনিময় সভা, সাংগঠনিক মাসের সমাপনী অনুষ্ঠান উপলক্ষে আলোচনা সভা, সাংস্কৃতি অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ করা হয়েছে। তিনি আরও জানান যে, তরুণীদের নিয়ে পাঠচক্র করা হয়। সংস্থার অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে |
| ১৪ | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রাম | ছিন্নমুকুল বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সংস্থাটি কুড়িগ্রাম জেলার হতদরিদ্র ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জন্য কাজ করে আসছে। এ জেলার রাজারহাট, উলিপুর, রৌমারী, চর রাজিবপুর, ভূরুঙ্গামারী ও চিলমারী ৬টি উপজেলায় তাদের কার্যক্রম চলমান। প্রকল্পসমূহ হলো: (১) সেন্টার ফর সোস্যাল ডেভেলপমেন্ট কুড়িগ্রাম (CSDK) (২) সোসাইটি ফর পিপলস ইনিসিয়েটিভস (SPI) এবং (৩) রংপুর হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (RHRDF) প্রকল্প চলমান রয়েছে। প্রকল্পের উপকারভোগীর সংখ্যা ১২,৬০০ জন, শিক্ষা কেন্দ্র/শিখন কেন্দ্রের সংখ্যা ৪২০টি, বই বিতরণ ১২,৬০০ সেট, শিক্ষক ও সুপারভাইজার সহায়িকা বই বিতরণ ৪৫০ সেট, বেজলাইন ডাটা এন্ট্রি ওরিয়েন্টেশন ২টি, উঠান বৈঠক ২০টি এবং ৬টি উপজেলায় সচেতনতামূলক মাইকিং করা হয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ১৫ | বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | বকুলতলী মহিলা সংসদ, ভূরুঙ্গামারী কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান এ জেলায় ,৫টি প্রকল্পের কাজ চলমান ;(১) প্রাথমিক শিক্ষা, (২) উপানুষ্ঠানিক প্রাথমিক শিক্ষা, (৩) সুপারী নার্সারী ও মৎস্য চাষ, (4) বিএমএস স্কুল ইমপ্রুফমেন্ট, (৫) বিএমএস স্কুল ইমপ্রুভমেন্ট এবং সচেতনতা কার্যক্রম প্রকল্পের কাজ চলমান রয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ১৬ | ব্যুরো বাংলাদেশ , কুড়িগ্রাম | ব্যুরো বাংলাদেশ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, জুন-২০২৬ মাসে কুড়িগ্রাম জেলায় ২০ টি শাখায় ডিজিটাল লেনদেন ৫,৩৫২ টি হয়েছে। ৩৫ টি পরিবারের মাঝে ৩৫ টি স্মার্ট ফোন প্রদান করাসহ দারিদ্র্য বিমোচন এবং জীবন যাত্রার মানোন্নয়নে দরিদ্র্য জনগোষ্ঠীকে স্বাবলম্বী করার লক্ষ্যে ঋণ বিতরণ কার্যক্রম পরিচালনা করা হয় যা গত ফেব্রুয়ারি-২০২৬ মাসে ৮,৮৬,৯০৯ টাকা রেমিটেন্স প্রদান করা হয়েছে। এছাড়াও সুবিধা বঞ্চিত মানুষের নিরাপদ ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবস্থা, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের কৃষিভিত্তিক প্রশিক্ষণ, পানি ও পয়ঃনিষ্কাশন এবং দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়। |
| ১৭ | গণ উন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রাম | গণ উন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, Shipting the Power to Grassroots Communities through Strengthening farmar Ied CSOs and improving their engagement in the sustainable develo process (SWABOL) Project এর আওতায় জাতীয় ও আন্তর্জাতিক দাতা সংস্থার মাধ্যমে দারিদ্র বিমোচন, নারীর ক্ষমতায়ন, শিক্ষার উন্নয়ন, দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন, পরিবেশ সুরক্ষা, প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়ন, যুবকদের কারিগরি প্রশিক্ষণ ও কর্মসংস্থান সৃষ্টি, ক্ষুদ্রঋণ কার্যক্রমসহ নানামুখী উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন চলমান রয়েছে। প্রকল্পটির অগ্রগতি ১০০ শতাংশ। চলতি মাসে ১৪ টি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। |

চলমান পাতা-০৪

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ১৮ | ফুল, কুড়িগ্রাম | ফুল, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান এ জেলায় ২০১৪ সাল থেকে শিক্ষা, স্বাস্থ্য ও গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন নিয়ে কাজ করে আসছে। উলিপুর উপজেলার প্রান্তিক জনগোষ্ঠীকে স্বাস্থ্য সেবা দেয়ার লক্ষ্যে ১০ টাকার আরও একটি হাসপাতাল স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে। আগামী জুলাই/২৬ থেকে সুবিধাভোগীকে স্বাস্থ্য সেবা প্রদান করা হবে। এছাড়াও কোমলমতি শিক্ষার্থীদের শিক্ষায় আগ্রহী ও তাদের মেধা বিকাশে উৎসাহিত করতে কুড়িগ্রাম সদর উপজেলার ৫টি স্কুলে, ভূরুঙ্গামারী উপজেলার ১০টি স্কুলে এবং নাগেশ্বরী উপজেলার ৩টি স্কুলে কুইক কুইজ এর মাধ্যমে ২৬০ জন শিক্ষার্থীকে পুরস্কৃত করা হয়। এছাড়াও ১০ টাকার হাসপাতাল, নাগেশ্বরীর মাধ্যমে বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা ১৮০ জন দরিদ্র রোগীকে মাত্র ১০ টাকা ভিজিটে চিকিৎসা পরামর্শ প্রদান করা হয়। স্বল্প মূল্যে ৩৭ জন দরিদ্র রোগীর রোগ নির্ণয় করা হয়। |
| ১৯ | এস ও এস চিলড্রেন'স ভিলেজেস ইন্টারন্যাশনাল ইন বাংলাদেশ, কুড়িগ্রাম | এস ও এস চিলড্রেন'স ভিলেজেস ইন্টারন্যাশনাল ইন বাংলাদেশ এর প্রতিনিধি সভায় জানান, এ সংস্থার এসওএস পরিবার শক্তিশালীকরণ কর্মসূচী নামে একটি প্রকল্প চলমান। এই প্রকল্পটির আওতায় কুড়িগ্রাম সদর ও রাজারহাট উপজেলার দারিদ্র্য জনগোষ্ঠীর পিতৃমাতৃহীন শিশু ও যুবক এবং হারানো ঝুঁকিতে রয়েছে এমন পরিবার শক্তিশালীকরণ কর্মসূচীর মাধ্যমে পরিবারের উন্নয়নের জন্য প্রশিক্ষণ, শিশুদের সাধারণ ও কারিগরি শিক্ষার সহযোগিতা প্রদান এবং শিক্ষা সামগ্রী বিতরণ করা হয়। ৪৫৩ টি পরিবার থেকে ৫০৮ জন শিশু ও যুবক এই প্রকল্পের আওতায় সুবিধা পাচ্ছে। কাঠালবাড়ী দ্বিমুখী বালিকা উচ্চ বিদ্যালয় মাঠে "জলবায়ু বান্ধব চর্চা ও টেকসই অভ্যাস বাস্তবায়ন" সম্পর্কিত আলোচনা ও জলবায়ু কুইজ আয়োজন করা হয়। এছাড়াও কুড়িগ্রাম সদর উপজেলার উৎসাহীপুর কেরামতিয়া বালিকা মাদ্রাসা প্রাঙ্গনে "এ্যাওয়ারনেস সেশন অন চাইল্ড অ্যান্ড পজিটিভ প্যারেন্টিং" প্রোগ্রামের আয়োজন করা হয়। কুড়িগ্রাম সদর ও রাজারহাট উপজেলার ৪৪১ টি পরিবারের মাঝে পরিস্কারক সামগ্রী (সাবান, ডিটারজেন্ট ও স্যানিটারী ন্যাপকিন), ৪২৮ জন শিশু ও যুবকের মাঝে শিক্ষা উপকরণ (খাতা, কলম ও বই) স্কুলের বেতন, পরীক্ষার ফি, প্রাইভেট ফি এবং ১৮১ জন শিশুকে পুষ্টিকর খাবার (দুধ, খেজুর ও নুডুলস) বিতরণ করা হয়। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে। |
| ২০ | আশা, কুড়িগ্রাম | আশা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম সদর, নাগেশ্বরী, ভূরুঙ্গামারী, রাজারহাট, উলিপুর ও চিলমারী উপজেলায় ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও জেলায় সিজারিয়ান ডেলিভারী, জরায়ু টিউমার অপারেশন, চোখের ছানি অপারেশন, ব্রেষ্ট টিউমার অপারেশন, হাত-পা ভাঙ্গার ক্ষেত্রে অপারেশন, ব্রেন টিউমার, যে কোন ক্যান্সার, হার্ট অপারেশন, কিডনি ড্যামেজ, প্যারালাইসিস, এসিড দগ্ধ, মেরুদেন্ডের অপারেশন, সদস্যের স্বামীর দূর্ঘটনা জনিত চিকিৎসা সহায়তাসহ সদস্য/স্বামী মারা গেলে ঋণ মওকুফ ও জমাকৃত টাকা দ্বিগুণ ফেরত, সৎকারের জন্য এককালীন ১৫,০০০ টাকা প্রদান করা হয়। গরীব মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদানসহ আশা ইউনিভার্সিটিতে স্বল্প টাকায় লেখা-পড়ার সুযোগ রয়েছে। জেলার ১৫টি ব্রাঞ্চে প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। ১৫টি শিক্ষাকেন্দ্রের মাধ্যমে ৬,৭৫০ জন শিক্ষার্থীকে নিয়মিত পাঠদান করা হচ্ছে। রাজারহাট উপজেলায় নতুন করে স্বাস্থ্য কেন্দ্র খোলা হয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে। |
| ২১ | এএফএডি, কুড়িগ্রাম | এএফএডি, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় অবহিত করেন যে, কুড়িগ্রাম সদর ও উলিপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ৬টি প্রকল্প চলমান। যথা: ১. Strenghtening resilience and improving living conditions of vulnerable communities in Kurigram and satkhiram Bangladesh. BMZ-PT Project-8552 ২. Improved Quality of Life for Women/Girls and Person with Disability in Kurigram District, Bangladesh through Poverty Alleviation and Mainstreaming (AC-6), ৩. Gender Responsive Disadter Risk Reduction in Bangladesh, ৪. Empowering Vulberable Wome in Kurigram, ৫. Empower Project II, ৬. SWOCCHAR, ৭. Towards Greater Effevtiveness and Timeliness in Humanitrain Emergency Responce (Together) এবং ৮. BRAC-CED center for enterprose development এই ৮টি প্রকল্পের মাধ্যমে প্রকল্প এলাকা হতে দরিদ্র নারী প্রধান পরিবার, কিশোরি, গর্ভবতী নারী, দুগ্ধ প্রদানকারী নারী, পরিত্যক্তা ও প্রতিবন্ধী ব্যক্তি এবং কমিউনিটি ব্যক্তিদের মাঝে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছে। তন্মধ্যে মাসিক সভা, প্রশিক্ষণ, কর্মশালা, বসত-বাড়িতে সবজি চাষ, ভার্মি কম্পোষ্ট উৎপাদন, কমিউনিটি কনসালটেশন এবং চক্ষু শিবিরসহ বিভিন্ন কর্মসূচি আয়োজন করা হয়েছে। এছাড়াও, পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম অব্যাহত রয়েছে। |

চলমান পাতা-০৫

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ২২ | সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রাম | সচেতন নাগরিক কমিটি (সনাক), কুড়িগ্রামের প্রতিনিধি টিআইবি এরিয়া কোর্ডিনেটর সভায় জানান, কুড়িগ্রাম সদর উপজেলায় ৫ বছর মেয়াদী Participatory Action against Corruption: Towards Transparency and Accountability (PACTA) প্রকল্পের কাজ চলমান রয়েছে। চলতি মাসে যার অগ্রগতি ৮২%। চলতি মাসে সনাক, ইয়েস সভা ও একটিভ সিটিজেন্স গ্রুপের অভ্যন্তরীন সভা হয়েছে ১১টি। ১০ টি প্রতিষ্ঠানে কমিউনিটি মনিটরিং এর মাধ্যমে প্রতিষ্ঠানগুলোর সেবা প্রদানের ঘাটতি এবং সীমাবদ্ধতা যাচাই করা হয়েছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ২৩ | ওয়ার্ল্ড কনসার্ন বাংলাদেশ | ওয়ার্ল্ড কনসার্ন বাংলাদেশ প্রজেক্ট ম্যানেজার সভায় তাদের সংস্থার কার্যক্রম উপস্থাপন করেন। প্রত্যাশা (প্রোটেকটিং ওম্যান এন্ড চিল্ড্রেন ফ্রম এবিউজ থ্রো সেল্প-হেল্প এপ্রোচ) চিলমারী উপজেলার থানাহাট, রমনা ও রানীগঞ্জ ইউনিয়নে কার্যক্রম চলমান রয়েছে। চলতি মাসে প্রকল্পটির অগ্রগতি ১০০%। ১১৯ টি দলে ২০২৯ আত্ম সহায়ক দলের সদস্যকে আন্তর্জাতিক নারী দিবস সমন্ধে আলোচনা করা এবং ১২ টি দলে ৩৬০ জন সি এল এ দলের সদস্যদের আন্তর্জাতিক নারী দিবস সমন্ধে আলোচনা করা । ১২ টি দলে ২০জন সি এল এ ও ফেডারেশন সদস্যদের আন্তর্জাতিক নারী দিবস সমন্ধে আলোচনা করা । ৫ টি দলে ১০০ জন আত্ম সহায়ক দলের সদস্যদের নিয়ে মনিটরিং ও রিপোর্টিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। ৬ টি দলে ১২০ জন সদস্য নিয়ে কার্যকর যোগাযোগের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়াও বিভিন্ন বিষয়ে সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়। |
| ২৪ | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) উলিপুর, কুড়িগ্রাম | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি (এমজেএসকেএস) এর প্রতিনিধি সংস্থার চলমান প্রকল্পসমূহের কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। তিনি বলেন, সংস্থাটি বিভিন্ন দাতা গোষ্ঠির সহায়তায় কুড়িগ্রাম জেলার বিভিন্ন উপজেলায় উল্লেখিত প্রকল্পসমূহ বাস্তবায়ন করছে যেমন; ১) অগ্রযাত্রা, ২) স্পন্সরশীপ প্রোগ্রাম, ৩) এনআরকে টেলিথন-চাইল্ড নট ব্রাইড (CNB) প্রজেক্ট, ০৪) থ্রাইভিং থ্রু ইকুইটি, ইকোনমিক ইমপাওয়ারমেন্ট এবং ক্লাইমেট রেজিলিয়েনস (THRIVE) প্রজেক্ট, ৫) কমিউনিটি বেজড রেজিলিয়েন্স, ওমেন ইমপাওয়ারমেন্ট এন্ড একশন (CREA) প্রজেক্ট, ০৬) এডুকেশনাল প্রোসপেক্টস ফর চিলড্রেন ফ্রোম মারজিনালাইজড গ্রুপস-কোয়ালিটি এডুকেশন, সেফ স্কুলস, একটিভ সিভিল সোসাইটি (SATIRTHO),০৭) রিডিউসিং ভারনারেবল ইমপ্রুভিং লাইভলিহুড এন্ড ডিজেস্টার প্রিপারেডনেস অব দ্য মোষ্ট এট রিক্স কমিউনিটিস ইন ফ্লাড প্রোন বাংলাদেশ প্রকল্প। সংস্থা কর্তৃক বাস্তবায়িত প্রকল্পসমুহের মাধ্যমে নাগেশ্বরী উপজেলায় শিক্ষার গুণগত মানোন্নয়নে, ৩০ টি প্রাথমিক বিদ্যালয়ের ৮০ জন শিক্ষককে ৪ টি বিষয়ে প্রশিক্ষন প্রদান এবং ৩০০০ শিক্ষার্থীর মাঝে শিক্ষা উপকরন বিতরণ করা হয়। প্রতি জনকে ৩টি খাতা, ১ প্যাকেট রং পেন্সিল প্রদান করা হয়। উলিপুর উপজেলায় ৪টি প্রাথমিক বিদ্যালে মাঠে মাটি ভরাটকরণ কাজ সম্পাদন করা হয় এবং ৩টি বিদ্যালয়ের শ্রেণিকক্ষ ও বাহিরের অংশ অফহোয়াইট কালার করে দেয়া হয়। কুড়িগ্রাম সদর উপজেলার পাচঁগাছী ও যাত্রাপুর ইউনিয়নে ৪৪ জন নারী ৮ জন পুরুষ, কিশোরী ১৭ জন এবং কিশোর ৬ জন কে নিয়ে নারীর প্রতিসহিংসতা, নির্যাতন, বিচারের নামে প্রহসন, নারীর নিরাপত্তা, বাল্য বিবাহ, যৌতুক ইস্যু নিয়ে গণজমায়েত বা মবিলাইজেশন/প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। জেন্ডার ভিত্তিক সহিংসতার স্বীকার পাঁচগাছি ইউনিয়নের ১ জন নারীকে চিকিৎসা সহায়তা বাবদ ১,৯৫০/- টাকা এবং যাত্রাপুর ইউনিয়নের ১ জন নারীকে চিকিৎসা সহায়তা বাবদ ৮৫০/- প্রদান করা হয়। এবং বাল্য বিবাহ প্রতিরোধে কর্মসংস্থানের উদ্দেশ্যে পাঁচগাছি ইউনিয়নের ৬ জন ছাত্রীকে পরীক্ষর ফরম পুরণ বাবদ ৩০০০/- টাকা করে মোট ১৮,০০০/- টাকা প্রদান করা হয়। এছাড়াও প্রকল্পের অন্যান্য সেশন সমুহ চলমান রয়েছে। |
| ২৫ | সলিডারিটি, কুড়িগ্রাম | সলিডারিটি, কুড়িগ্রামের প্রতিনিধি জানান যে, এ জেলায় মোট ০৫ টি প্রকল্পের কাজ চলমান। ১. নারীর ক্ষমায়ন বাইসাইকেল প্রদান কার্যক্রম (বাংলাদেশ এনজিও ফাউনন্ডেশন)। ২. চরের দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প (ব্রেড ফরদা ওয়ার্ল্ড, জার্মান)। ৩. বাংলাদেশ হেলথ ওয়াচ ব্র্যাক। 4. sports for protection resilience and transformation (SPRIT) স্পোর্টস ফর প্রটেকশন রেজিলেন্স এন্ড ট্রান্সফরমেশন। ৫. প্রতিবন্ধী ব্যাক্তিদের দক্ষতা বিষয়ক প্রশিক্ষণ সিসিপপ-পিকেএসএফ। যা গত ২৬ এপ্রিল, ২০২৬ খ্রি. তারিখের মধ্যে সিসিপপ-পিকেএসএফ প্রকল্পের মাধ্যমে ৩টি ট্রেডে ফ্যাশন গার্মেন্টস, মোবাইল সার্ভিসিং ও বিউপি পার্লারের উপর ৭৫ জন প্রতিবন্ধী ব্যাক্তিদের প্রশিক্ষণ শুরু হয়েছে। প্রশিক্ষণ শেষে তাদের জব রিপ্লেসমেন্ট এর ব্যবস্থা করা হবে মর্মে সভায় জানান। সংস্থাটি চরের দরিদ্র মানুষের খাদ্য নিরাপত্তা জোরদারকরণ প্রকল্পে কুড়িগ্রাম জেলায় ৯টি উপজেলায় ১৪৪টি দলে বিডিসিতে ১৪৪টি সচেতনাতামূলক সভা সম্পন্ন হয়েছে। বিগত কয়েক দিন আগে বজ্রপাতে মানুষের মৃত্যুর সংখ্যা বেড়ে গিয়েছে। এজন্য সকলেরর সচেতনতা বৃদ্ধির জন্য বিশেষভাবে সভা করা হয়েছে। জলবায়ু সহনশীল ফসল ও সবজি চাষ ও ছাগল/ভেড়া ক্রয় ও পালনের জন্য ৮৫৭ জন উপকারভোগীগনকে মোট এককালীন অনুদান ৫৫,৩২,০০০/- প্রদান করার পরিকল্পনা ও দরপত্র প্রদান করা হয়েছে। এছাড়ও সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |

চলমান পাতা-০৬

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ২৬ | টেরেডেস হোমস্ হাসপাতাল রোড, কুড়িগ্রাম | টেরেডেস হোমস্, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান কুড়িগ্রাম সদর, উলিপুর ও চিলমারী উপজেলায় Sport for Protection, Resilence and Transformation (SpiRit) নামে একটি প্রকল্প চলমান। এ প্রকল্পে লক্ষিত উপকারভোগী ৭,৫৬০ জন। তিনি আরও জানান যে, জুন-২৬ মাসে ২৫২০ জন অংশগ্রহণকারীকে নিয়ে ৫০১ টি ফুটবল ফর প্রোটেকশন ও ১৪৫ টি হ্যান্ডবল ফর প্রোটেকশন এবং ২৩৫ টি গ্রামীণ ঐতিহ্যবাহী খেলার সেশন আয়োজন করা হয়। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ২৭ | সন্ধান, কুড়িগ্রাম | সন্ধান, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান সন্ধান, কুড়িগ্রাম বর্তমানে নিজস্ব অর্থায়নে ছাগল ও হাঁস-মুরগি পালন, শাক-সবজি চাষ এবং নার্সারির কার্যক্রম বাস্তবায়ন করছে। এছাড়াও বাল্য বিবাহের উপর সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়েছে। |
| ২৮ | টিএমএসএস, কুড়িগ্রাম | টিএমএসএস, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান যে, বর্তমানে কুড়িগ্রাম জেলায় সকল প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। মৌসুম ভিত্তিক ফসল, কৃষিজ পণ্য উৎপাদন, গবাদী পশু পালন ও বাজারজাতকরণ ঋণ ও কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে। প্রতিবন্ধীদের পূর্ণবাসন ও আয়মূলক কার্যক্রমের জন্য অনুদান, প্রশিক্ষণ ও কারিগরি সহায়তা প্রদান এবং ছাগল পালন করার কার্যক্রম চলমান। দরিদ্র রোগীদের বিনামূল্যে উন্নত চিকিৎসা প্রদান করাসহ দরিদ্র বেকার যুবকদের কর্মসংস্থান ও মজুরী ভিত্তিক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে। এছাড়াও দরিদ্র কৃষকদের মাঝে উন্নতমানের বীজ ও সার বিতরণ করা হয়েছে। এ যাবৎ কুড়িগ্রাম জেলায় ঋণ বিতরণ (ক্রমপুঞ্জীভূত) ১,৮০,৬৩৩ জন এবং ঋণ আদায়ের হার (এ পর্যন্ত) ৯৬.৯৫ শতাংশ। |
| ২৯ | গ্রাম উন্নয়ন কেন্দ্র | গ্রাম উন্নয়ন কেন্দ্র, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, বর্তমানে নিজস্ব অর্থায়নে ছাগল ও হাঁস-মুরগি পালন, শাক-সবজি চাষ করছে। এছাড়াও বাল্য বিবাহের উপর ৩ দিনব্যাপী ১০ জন হতদরিদ্র নারিকে প্রশিক্ষণ প্রদান ও সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়েছে। |
| ৩০ | মানসিকা, কুড়িগ্রাম | মানসিকা, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান এ জেলায় বর্তমানে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুশাসন নিশ্চিতকরণের সক্ষমতা বৃদ্ধি নামে ০১ টি কর্মসূচি চলমান। এ প্রকল্পে ২০০০ জন উপকারভোগী রয়েছেন। চলতি মাসে প্রকল্পটির অগ্রগতি ১০০ শতাংশ। |
| ৩১ | গরীব উন্নয়ন সংস্থা, কুড়িগ্রাম | গরীব উন্নয়ন সংস্থা , কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান একেএম এহসানুল করিম, গ্রুপ বালাদেশের সহযোগিতায় "Self-reliance project (Zakat Fund) -2025" প্রকল্পের উন্নতজাতের ছাগল, মুরগী, খাদ্য ও বাসস্থানসহ বিনামুল্যে বিতরন,২৬টি পরিবারের মাঝে পরিবার প্রতি ০১ টি ছাগল, ১০ টি মুরগী,০২ টি মোরগ, ছাগল ও মুরগীর ০১ মাসের খাদ্য ও বাসস্থান, কুড়িগ্রাম জেলায় চর-রাজিবপুর উপজেলার কোদালকাটি ইউনিয়নে, নদী ভাঙ্গা বন্যাপিড়িত দুস্থ্য ও মহিলা প্রধান পরিবারে বিনামুল্যে স্থানীয় প্রশাসনের সার্বিক সহযোগীতায় বিতরন সম্পুর্ন করা হয়েছে। মাস্তুল ফাউন্ডেশন বাংলাদেশের সহযোগিতায় "সহযোগিতায় "রামাদান খাদ্য সামগ্রী বিনামূল্যে বিতরণ কার্যক্রম -২০২৬" সাজাই নুরাণী ও হাফিজিয়া মাদ্রাসার ছাত্র/শিক্ষক গণকে উন্নত খাবার বিতরণ, কুড়িগ্রাম জেলায় চর-রাজিবপুর উপজেলার কোদালকাটি ইউনিয়নে, সাজাই নুরাণী ও হাফিজিয়া মাদ্রাসার ছাত্র/শিক্ষক গনকে উন্নত খাবার বিনামুল্যে বিতরণ স্থানীয় প্রশাসনের সার্বিক সহযোগীতায় ১০ মার্চ, ২০২৬ খ্রি. বিতরন সম্পন্ন করা হয়েছে। কুড়িগ্রাম জেলায় চর-রাজিবপুর উপজেলার কোদালকাটি ইউনিয়নে, নদী ভাঙ্গা বন্যাপিড়িত দুস্থ্য ও মহিলা প্রধান পরিবারে বিনামুল্যে স্থানীয় প্রশাসনের সার্বিক সহযোগীতায় ১৯ মার্চ, ২০২৬ খ্রি. বিতরন সম্পূর্ন করা হয়েছে। বাল্য বিবাহ প্রতিরোধে সচেতনতা মুলক আলোচনা উঠান বৈঠক ১২ টি, স্বাস্থ্য সম্মত পানী পান করা ও স্বাস্থ্য সম্মত পায়খানা ব্যবহারে গ্রামীন জনগোষ্ঠিকে সচেতনতা মুলক আলোচনা উঠান বৈঠক ১২টি, মাদকাসাক্ত প্রতিরোধে সচেতনতা মুলক আলোচনা উঠান বৈঠক ১২টি, বিভিন্ন পাবলিক প্লেসে : মানব দেহে মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে বিল বোর্ড স্থাপন উঠান বৈঠক ১০০টি, কাজ সম্পন্ন করেছে। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ৩২ | নুরা হেলথ, কুড়িগ্রাম | নুরা হেলথ, কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, এ জেলায় কেয়ার কম্পানিয়ান প্রোগ্রাম নামে একটি প্রকল্প চলমান রয়েছে। উক্ত প্রকল্পের আওতায় কুড়িগ্রাম জেলার সদর হাসপাতাল এবং ৮ টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে মাস্টার ট্রেইনার নার্সগণ রোগী ও রোগীর পারিবারিক পরিচর্যাকারীদের স্বাস্থ্যশিক্ষামূলক ৯৫ টি সেশন পরিচালনা করা হয়েছে। ৩,৪৭৪ জন রোগী এবং রোগীর স্বজনদের স্বাস্থ্যশিক্ষা প্রদান করার হয়েছে। তন্মধ্যে ফোনভিত্তিক স্বাস্থ্য সেবায় অন্তর্ভূক্ত হয়েছে ৬৪২ জন। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |

চলমান পাতা-০৭

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ৩৩ | ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি), কুড়িগ্রাম | ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, এ জেলায় মোট ০৫ টি প্রকল্পের কাজ চলমান। ১) Anticipatory Action (AA), ২) Shock Recsponive Social Protection (SRSP), ৩) Bonna Shurokkha Prokolpo (BSP), ৪) Climate Risk Insurance (CRI), এবং ৫) Seasonal Livelihood Programming (SLP)। এ জেলার বিভিন্ন উপজেলায় কর্মসূচি শেয়ারিং ও ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে কর্মসূচি অরিয়েন্টেশন কনসালটেশন মিটিং করা হয়েছে ২৫ টি যার মধ্যে পুরুষ-৬৯৯ জন ও মহিলা-১৫৪ জন মোট= ৬৯৯ জন। ইউনিয়ন কভারেজ-২৫টি। মোট- ব্যয় হয়েছে-২,৯২,৪৫০/-। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ৩৪ | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল ফেডারেশন-হিউম্যানিটি এন্ড ইনক্লুশন (এইচ.আই), কুড়িগ্রাম | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল ফেডারেশন-হিউম্যানিটি এন্ড ইনক্লুশন (এইচ.আই), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, এ জেলায় বর্তমানে ১) দারিদ্র্য বিমোচন এং মূলধারায় যোগদানের মাধ্যমে বাংলাদেশের কুড়িগ্রাম জেলার নারী/মেয়ে এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনযাত্রার মান উন্নতকরণ প্রকল্প এবং ২) Reducing Vulnerability, Improveing Livelihood and Disaster Preparedness of the Most at Risk Community in Flood-Prone Bangladesh Project নামে ২ টি প্রকল্প কুড়িগ্রাম সদর এবং উলিপুর উপজেলায় চলমান। ৩২ জন প্রতিবন্ধী ব্যক্তিকে রেফারেল চিকিৎসা (কান) সেবা প্রদান, ২০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে সহায়ক উপকরণ (২টি হুইল চেয়ারসহ) প্রদান ২৪০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে গ্রুপ সেশনের মাধ্যমে মানসিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। এছাড়াও সচেতনতামূলক বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়েছে। |

২৫/০৩/২৩

সহকারী কমিশনার
সাধারণ শাখা
ও
সদস্য-সচিব
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
কুড়িগ্রাম

.............................................................

..................................................., কুড়িগ্রাম

| ক্রম | এনজিও/ সংস্থার নাম | কার্যক্রম |
|---|---|---|
| ৩৩ | ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি), কুড়িগ্রাম | ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (এনডিপি), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, এ জেলায় মোট ০৫ টি প্রকল্পের কাজ চলমান। ১) Anticipatory Action (AA), ২) Shock Recsponive Social Protection (SRSP), ৩) Bonna Shurokkha Prokolpo (BSP), ৪) Climate Risk Insurance (CRI), এবং ৫) Seasonal Livelihood Programming (SLP)। এ জেলার বিভিন্ন উপজেলায় কর্মসূচি শেয়ারিং ও ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সাথে কর্মসূচি অরিয়েন্টেশন কনসালটেশন মিটিং করা হয়েছে ২৫ টি যার মধ্যে পুরুষ-৬৯৯ জন ও মহিলা-১৫৪ জন মোট= ৬৯৯ জন। ইউনিয়ন কভারেজ-২৫টি। মোট- ব্যয় হয়েছে-২,৯২,৪৫০/-। এছাড়াও পরিকল্পনা অনুযায়ী সংস্থার অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। |
| ৩৪ | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল ফেডারেশন-হিউম্যানিটি এন্ড ইনক্লুশন (এইচ.আই), কুড়িগ্রাম | হ্যান্ডিক্যাপ ইন্টারন্যাশনাল ফেডারেশন-হিউম্যানিটি এন্ড ইনক্লুশন (এইচ.আই), কুড়িগ্রামের প্রতিনিধি সভায় জানান, এ জেলায় বর্তমানে ১) দারিদ্র্য বিমোচন এং মূলধারায় যোগদানের মাধ্যমে বাংলাদেশের কুড়িগ্রাম জেলার নারী/মেয়ে এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনযাত্রার মান উন্নতকরণ প্রকল্প এবং ২) Reducing Vulnerability, Improveing Livelihood and Disaster Preparedness of the Most at Risk Community in Flood-Prone Bangladesh Project নামে ২ টি প্রকল্প কুড়িগ্রাম সদর এবং উলিপুর উপজেলায় চলমান। ৩২ জন প্রতিবন্ধী ব্যক্তিকে রেফারেল চিকিৎসা (কান) সেবা প্রদান, ২০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে সহায়ক উপকরণ (২টি হুইল চেয়ারসহ) প্রদান ২৪০ জন প্রতিবন্ধী ব্যক্তিকে গ্রুপ সেশনের মাধ্যমে মানসিক স্বাস্থ্যসেবা প্রদান করা হয়েছে। এছাড়াও সচেতনতামূলক বিভিন্ন সভা অনুষ্ঠিত হয়েছে। |

২৭/০৩/২৩

সহকারী কমিশনার
সাধারণ শাখা
ও
সদস্য-সচিব
জেলা এনজিও বিষয়ক সমন্বয় কমিটি
কুড়িগ্রাম

.............................................................
..................................................., কুড়িগ্রাম